



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২১৮০

তারিখঃ ১১/১১/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫৯ তম কমিশন সভা অদ্য ১১/১১/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় বে-মেয়াদী UFS Popular Life Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৮০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২০ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৬০ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ টাকা এবং সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিয়োজিত রয়েছে Universal Financial Solutions Limited। ফান্ডটির উদ্যোক্তা Popular Life Insurance Company Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান Investment Corporation of Bangladesh (ICB)।
২. এছাড়াও কমিশন, Titas Gas Transmission & Distribution Co. Ltd. এর শেয়ার এর অব্যাহত দর পতনের কারণ অনুসন্ধানের জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের ০২ (দুই) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত কমিটি বিষয়টি তদন্তপূর্বক আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন কমিশনে দাখিল করবে।



মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক